

97(A)

UG-III/Beng/VII(H)/20

2020

BENGALI

[HONOURS]

Paper : VII

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 5 = 5$
- ক) নদীর ধারে সাহেবদের কুঠির বাগানে অপু কী দেখেছিল?
- খ) অননন্দা রায়ের বাড়িতে তোফরেজের বউ গিয়ে কী বলছিল?
- গ) নিতাইয়ের বন্ধু রাজেনের পেশা এবং সামাজিক পরিচয় লেখো।
- ঘ) “দুটি খুনের মধ্যে একটা সম্পর্ক আবিষ্কার করার জন্য প্রাণ সকলের ছটফট করে।” — খুন দুটি কার কার?
- ঙ) ‘আমি শুভ্রা গো শুভ্রা আমায় মেরো না।’
— শুভ্রার পরিচয় দাও।
- চ) “তুমি বোধহয় জান না যে আমার লেট গ্র্যাণ্ডফাদার হলেন
”
কথকের লেট গ্র্যাণ্ডফাদার কে ছিলেন?
- ছ) “এখন এইসব শ্রেণীশত্রু মারার নামে এ্যানার্কি তৈরি করলে বাঙালি মিডলক্লাস সেটেল্ড হতে পারবে” — এই উক্তি কে করেছেন?
- জ) রাঁচিতে কোন্ বিচারপতির এজলাসে মুন্ডাদের বিচার হয়েছিল?

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) “সেই তিনি বার-তিনেক আসিয়াছিলেন — স্বপ্নের মত মনে পড়ে” — এখানে কোন্ চরিত্রের কাকে মনে পড়ার কথার উল্লেখ করা হয়েছে?
- খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি কত খৃষ্টাব্দে কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?
- গ) ‘অগ্নিকাণ্ডে সে মহামন্ত্র, মনে হয় আগুন ধরিয়ে দিয়েছে সেই’। — এখানে কোন্ প্রসঙ্গে কার আগুন লাগানোর কথা বলা হয়েছে?
- ঘ) বিরসা ভগবান হয়ে উঠলে তাঁর মায়ের প্রতিক্রিয়া কি ছিল সংক্ষেপে লেখো।
- ঙ) “মাধবের বুক থরথর করে কাঁপতে থাকে। বিস্ময়ের শিহরণটা যেন শরীরের রক্তের ভিতর ছুটোছুটি করছে” — মাধবের এমন অনুভবের কারণ কি?
- চ) “কি অদ্ভুত একটা মিথ্যে গল্প অনায়াসে ফেঁদে কেঁদে চলে গেল জোচ্চর বুড়িটা” — এখানে কোন্ বুড়ির কোন্ মিথ্যে গল্পের কথা বলা হয়েছে?
- ছ) নিতাই কিভাবে শিক্ষার আলো পেয়েছিল?
- জ) “রাত্রি দশটার সময় নিদ্রিত অপূর কোন্ শব্দে ঘুম ভাঙ্গিয়া গেল” — অপূর কোন্ শব্দে ঘুম ভেঙ্গে গিয়েছিল? ঘুম ভেঙ্গে সে কি দেখেছিল?
- ঝ) ‘অবিলম্বেই দেখা গেল শশাঙ্ক কবিরাজের অত্রস্থ বন্ধুবর্গের মধ্যে দুইটি বিষয়ে একেবারে মতভেদ নেই’ — বিষয় দুটি সবিস্তারে প্রকাশ করো।

[পরের পাতায়]

97(A)

[2]

- এও) “আজ তিন দিন দুজনার ঠায় উপোসে কাটছে।” — এখানে কাদের কেন উপোসে দিন কাটছে লেখো।
- ট) “তেঁতুল তলাটা পার হয়ে মজা দ্যাখগা” — কে কখন এই কথা বলেছে? এখানে কোন্ মজার উল্লেখ করা হয়েছে?
- ঠ) ‘ভব কপি, মহাকপি দন্ধানন সলাঙ্গুল ...’ কার সম্পর্কে এই মন্তব্যটি করা হয়েছে? বক্তা কে?
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৬ \times ৫ = ৩০$
- ক) দৈত্যকুলে প্রহ্লাদ—নিতাইয়ের সম্পর্কে এই মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।
- খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের লোকায়ত উপাদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- গ) বীরু রায় কে ছিলেন? তাঁর জীবনে কোন্ ভয়ঙ্কর ঘটনা ঘটেছিল? এই ঘটনাটির গুরুত্ব নির্দেশ করো।
- ঘ) ‘পথের পাঁচালি’ উপন্যাসে শ্রেণী বৈষম্যের নিষ্ঠুর চেহারা কিভাবে লেখক বিভূতিভূষণ প্রদর্শিত করেছেন তা ব্যক্ত করো।
- ঙ) শকুন কিসের প্রতীক? ছোটগল্পটির অনুসরণে তার ব্যাখ্যা দাও।
- চ) ‘উন্মাদ ওসমানে’র চিন্তায় অতীত ও বর্তমানের প্রেক্ষিতে যে গণ অভ্যুত্থানের ইঙ্গিত বহন করে আনে তার পরিচিতি ও প্রয়োজন প্রকাশ করো।
- ছ) ‘তাসের ঘর’ ছোটগল্পে মমতার আঠারো বৎসরে শ্রদ্ধাভক্তি ভালবাসার সূন্যের কীভাবে মুহূর্তের অবিবেচনায় ভরাডুবি ঘটল — তার পরিচয় দাও।

- জ) ‘অন্ধকার একটি মার্গ দিয়া সে যেন কক্ষচ্যুত গ্রহের মতো অন্তরীক্ষ ত্যাগ করিয়া মৃত্তিকার দিকে পড়িতে লাগিল’ —এখানে কার কথা বলা হয়েছে? তার কেন এইভাবে কক্ষচ্যুত হয়ে পতন ঘটল? এই ইঙ্গিতের প্রকৃত অর্থটি বুঝিয়ে দাও।

৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $১৫ \times ৩ = ৪৫$

- ক) “পথের দেবতা প্রসন্ন হাসিয়া বলেন — মূর্খ বালক, পথ তো আমার শেষ হয়নি ...।” — এই অনন্ত পথের আকর্ষণ অপূর্ণ জীবনে সূচনা থেকে সমাপ্তি পর্যন্ত কীভাবে সার্থকতা পেয়েছে?
- খ) ‘চিলেকোঠার সেপাই’ উপন্যাসের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) “কালো যদি মন্দ তবে কেশ পাকিলে কাঁদ কেনে” — কাকে উদ্দেশ্য করে’ নিতাই এই গান রচনা করে? এই গানটির মধ্য দিয়ে নিতাই চরিত্রের উদ্ভাসন পর্যালোচনা করো।
- ঘ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের ঐতিহাসিক প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা করে ঔপনিবেশিক ব্যবস্থার অবদমনের মধ্যেও যে স্বপ্নের অঙ্কুর আছে; তার সার্থক রূপায়ণ সম্পর্কে আলোচনা করো।
- ঙ) ‘ভুখা ভগবান’ গল্পটি প্রতিবাদী চেতনার জ্বলন্ত প্রকাশ— সমকালের প্রেক্ষিতে তা কতখানি বাস্তবোচিত হয়ে উঠেছে নির্ণয় করো।